# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ৫৮৯

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ৫) মাগরিব ও এশার মধ্যবর্তী সময়ে নামাযের প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الصلاة بين المغرب والعشاء

আরবী

(حسن ) وَعَنْ أنس رَضِيَ اللَّهُ عَنْهُ ، في قوله تعالى (تَتَجَافَى جُنُوبُهُمْ عَنِ الْمَضَاجِعِ) نَزَلَتْ فِى انْتِظَارِ هَذِهِ الصَّلاَةِ الَّتِى تُدْعَى الْعَتْمَةَ. رواه الترمذي

বাংলা

৫৮৯. (সহীহ) আনাস (রাঃ) বলেন, আল্লাহর বাণী (تَتَجَافَى جُنُوبُهُمْ عَنِ الْمَضَاجِعِ) ’’তাদের পার্শ্বদেশ বিছানা থেকে আলাদা থাকে।’’ (সূরা সিজদাহ্-১৬) এ আয়াতটি নাযিল হয় রাতের (এশার) নামাযের জন্য অপেক্ষা করার ক্ষেত্রে।

(হাদীসটি বর্ণনা করেন তিরমিযী ৩১৯৬ ও আবূ দাউদ ১৩২১।)

(সহীহ্) আবূ দাউদের বর্ণনায় বলা হয়ঃ

كانوا يَتَنَفَّلُونَ مَا بَيْنَ الْمَغْرِبِ وَالْعِشَاءِ يُصَلُّونَ

وَكَانَ الْحَسَنُ يَقُولُ قِيَامُ اللَّيْلِ

তারা (সাহাবীগণ) মাগরীব ও এশার মধ্যবর্তী সময়ে জাগ্রত থাকতেন ও নামায পড়তেন। হাসান বাসরী একে ক্বিয়ামুল্লাইল বলতেন। (আবূ দাউদ ১৩২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88460

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন